17. Travellers ___ their reservations well in advance if they want to fly during the holidays.
A. had better to get B. had to get better
C. had better get D. had better got

ব্যাখ্যা: Had Better modal verb হিসেবে ব্যবহৃত হয়। had যদিও past তবুও had Better ভবিষ্যতের উপদেশ দেওয়া বুঝাতে ব্যবহৃত হয়। অর্থাৎ Had better এবং Should একই অর্থে ব্যবহৃত হয় এবং এর পর verb এর basic form বসে।
Ans : C.

18. The Canterbury Tales is as alive and ___ today as it was nearly 600 years ago.
A. appealing B. fruitful C. repelling D. enhancing

ব্যাখ্যা: Appealing - আবেদনময় Fruitful - ফলপ্রসু
Enhanciry - বৃদ্ধিকারক Replling - বিরক্তিকর
Ans : A.

19. The antonym of 'indictment' is-
A. harangue B. eulogy
C. tirade D. punishment

ব্যাখ্যা: Indictment - (noun) - অভিযোগ
Synonym - Accusation, Allegation, Charge, Impeachment, Incriminatin, Prosecution, Summons.
Antonym - Eulogy, Exoneration
Ans : B.

20. Which one does not fall into the same category.
A. Rosalind B. Ophelia C. Cordelia D. Desdemona

ব্যাখ্যা : Ophelia, Cordelia, Desdemona তিনটি William Shakespeare এর সৃষ্ট চরিত্র। সুতরাং, Rosalind এখানে ভিন্ন।
Ans : A.

21. The synonym of 'equivocation' is
A. fairness B. evasion C. imprecation D. equality

ব্যাখ্যা: Equivocation - (noun) - ছলচাতুরি, বাকচাতুরি
Synonym : Evasion, Dodge, Trickery, Subterfuge, Shuffle, Sidestep.
Antonym : Directness, Frankness
Ans : B.

22. The boy said, " I ___ starve than beg."
A. better B. would better
C. would rather D. rather

ব্যাখ্যা: Would rather....... than
would rather এর অর্থ তবুও / বরং ভাল। would rather যুক্ত Sentence এ than ব্যবহৃত হয় এবং would rather এর পর verb এর present form হয়।
Ans : C.

23. The word 'anthropology' is related to
A music B. philosophy
C. the study of mathematics D. the study of mankind

ব্যাখ্যা: Arthoropology - The study of mankind
Ans : D.

24. A 'Canto' is
A. an act of a play B. a part of a play
C. a chapter of a novel D. a division of an epic

ব্যাখ্যা: Canto - দীর্ঘ কবিতার (মহাকাব্য - epic) স্বর্গ
Ans : D.

25. A 'Protagonist' is
A. the clown in a play B. the villain in a play
C. the leading character in a play
D. the director of a play

ব্যাখ্যা: Protagonist - নাটকের প্রধান চরিত্র
Ans : C.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ : ২০০৯-২০১০

### বাংলা

০১. 'সে সাধ এইখানেই মিটিল'। - কমলাকান্তের কোন্ সাধ?
ক. আফিম খাওয়ার খ. যাত্রা শোনার
গ. তামাক টানার ঘ. ডাল মেখে ভাত খাওয়ার

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

০২. 'কাব্যের ঝুমঝুমি বিজ্ঞানের চুষিকাঠি দর্শনের বেলুন রাজনীতির রাঙালাঠি ইতিহাসের ন্যাকড়ার পুতুল নীতির টিনের ভেঁপু এবং ধর্মের জয়ঢাক এইসব জিনিসে সাহিত্যের বাজার ছেয়ে গেছে'-বাক্যটিতে কয়টি বিরামচিহ্ন থাকবে?
ক. পাঁচটি খ. ছয়টি
গ. সাতটি ঘ. আটটি

ব্যাখ্যা: বাক্যের বিরামচিহ্নের ব্যবহার-
কাজের ঝুমঝুমি, বিজ্ঞানের চুষিকাঠি, দর্শনের বেলুন, রাজনীতির রাঙালাঠি, ইতিহাসের ন্যাকড়ার পুতুল, নীতির টিনের ভেঁপু এবং ধর্মের জয়ঢাক - এইসব জিনিসে সাহিত্যের বাজার ছেয়ে গেছে।
সঠিক উত্তর : গ.

০৩. 'আত্তইনা' চিতা কী?
ক. চিতাবাঘ খ. ভেষজ উদ্ভিদ
গ. চিতার আগুন ঘ. অগ্রহায়ণ মাসের গরম

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

০৪. *ট্যাবু* বলতে বোঝায়-
ক. নিষিদ্ধ খ. নিষিদ্ধ নয়
গ. আদিম ঘ. প্রচলিত

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

০৫. আব্দুল মজিদ কাজ করতেন-
ক. ভারতে খ. নেপালে গ. থাইল্যান্ডে ঘ. ইন্দোনেশিয়ায়

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

০৬. 'কত দশা বিরহিণীর' - রাধার বিরহের কয়টি অবস্থা?
ক. পাঁচ খ. সাত গ. নয় ঘ. দশ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

০৭. আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস-
ক. আটই মার্চ খ. নয়ই ডিসেম্বর
গ. দোসরা অক্টোবর ঘ. সাতাশে ফেব্রুয়ারি

ব্যাখ্যা: ২০০৩ সালের ৩১শে অক্টোবর জাতিসংঘ সাধারণ পরিষদ দুর্নীতিবিরোধী সনদ প্রণয়ন করে, যা ২০০৩ সালের ৯ই ডিসেম্বর মেক্সিকোর মেরিডাতে স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয়। এ কারণের ৯ই ডিসেম্বরকে আন্তজার্তিক দুর্নীতিবিরোধী দিবস হিসেবে ঘোষনা করা হয়।
সঠিক উত্তর : খ.

০৮. *কোন্দা* শব্দের অর্থ-
ক. কোন্দল খ. ক্রন্দন গ. তালগাছের নৌকা ঘ. সাঁকো

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

০৯. শুদ্ধ বানানগুচ্ছ-
ক. বিভীষিকা, আশীর্বাদ, শারীরিক, সমীচিন
খ. নির্ণিমেষ, গণনা, অপরাহ্ন, সর্বাঙ্গীন
গ. অদ্ভুত, প্রত্যূষ, উদ্ভূত, নুপুর
ঘ. পূর্বাহ্ন, পুরস্কার, দুর্বিষহ, অভিষেক

ব্যাখ্যা: শুদ্ধরূপ - সমীচীন, গণনা, অপরাহ্ন।
সঠিক উত্তর : গ.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. 'রাত্রি নিশিথে যাঁহারা টক শ'র অনুষ্ঠানে অংশ নিয়া থাকেন, আলোচনার ধরণ দেখে মনে হয় পৃথিবীর যাবতীয় বিদ্যাসমুহই তাদের আয়ত্তাধীন রহিয়াছে।' - চলতি গদ্যে রচিত বাক্যটিতে ভুলের সংখ্যা

ক. সাত খ. আট গ. নয় ঘ. দশ

ব্যাখ্যা: বাক্যটির শুদ্ধরূপ-
নিশীথে, যাঁরা, নিয়ে, ধরন, বিদ্যাই, তাঁদের, আয়ত্তে, রয়েছে।
'দেখে মনে হয়' এর পরে বিরামচিহ্ন হিসেবে কমা (,) বসবে।
সঠিক উত্তর : গ.

১১. 'তুমি আমার কাঁচকলা করবে'। -এখানে 'কাঁচকলা'র ব্যবহার

ক. বিরোধার্থক খ. অবজ্ঞাসূচক গ. বিস্ময়সূচক ঘ. নঞর্থক

ব্যাখ্যা: কাঁচকলা - কারও কোন ক্ষতি করার অক্ষমতা, ক্ষমতার তুচ্ছ করে বিদ্রুপ করা।
সঠিক উত্তর : খ.

১২. 'রামগরুড়ের ছানা' বলতে বোঝায়-

ক. আমুদে লোক খ. গোমড়ামুখো লোক গ. অদ্ভুত লোক ঘ. নির্বোধ লোক

ব্যাখ্যা: রামগরুড়ের ছানা - গোমড়ামুখো লোক।
হাপিত্যেশ করা - গভীরভাবে ও দীর্ঘক্ষণ ধরে প্রত্যাশা করা।
হাড় জুড়ানো - শান্তি পাওয়া।
সবে ধন নীলমণি - একমাত্র অবলম্বন।
সাক্ষী গোপাল - কতৃত্বহীন দর্শকমাত্র।
ষণ্ডামার্কা - একগুঁয়ে ও বলিষ্ঠ।
সঠিক উত্তর : খ.

১৩. শকুন্তলার বাহুযুগল

ক. নবপল্লব শোভার মতো খ. বিকশিত কুসমরাশির ন্যায়
গ. কোমল বিটপের শোভার বিভূষিত ঘ. সহকারতরুর সৌন্দর্যে পরিপূর্ণ

সঠিক উত্তর : গ.

১৪. 'To keep up appearances' -কথাটির বাংলা অনুবাদ

ক. বাইরের ঠাট বজায় রাখা খ. আবির্ভূত হইয়া
গ. উপস্থিতি বজায় রাখা ঘ. নিজেকে দেখানো

ব্যাখ্যা:
- To keep up apperance - বাইরের ঠাট বজায় রাখা।
- He is rogue to the backbone - সে হাড়ে হাড়ে বদমাস।
- All his gees are swans - নিজের জিনিস সকলেই ভালো দেখে।
- Clouds rolled away - মেঘ কেটে গেল।
- Spare the rod and spoil the child - অধিক আদরে ছেলে বাঁদর হয়।

সঠিক উত্তর : ক.

১৫. 'তুমি যদি বলো, তাহলে আমি আসতে পারি।' বাক্যটি

ক. আশ্রয়-আশ্রিত জটিল খ. সাপেক্ষে পদযুক্ত জটিল
গ. সরল ঘ. যৌগিক

ব্যাখ্যা: বাক্যটিতে যদি........ তাহলে আছে, তাই এটি সাপেক্ষে সর্বনাম যুক্ত জটিল বাক্য। বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১৬. Modernism - এর সাহিত্যতাত্ত্বিক পরিভাষা-

ক. আধুনিক খ. আধুনিকতা গ. আধুনিকতাবাদ ঘ. আধুনিকবাদ

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা-

| | |
|---|---|
| Conspiracy - ষড়যন্ত্র | Domicile - স্থায়ী নিবাস |
| Deed - দলিল | Drought - খরা, অনাবৃষ্টি |
| Deputation - প্রেষণ | Duet - দ্বৈত সংগীত |
| Discrepancy - অসঙ্গতি | Dummy - প্রতিরূপ |
| Dismissal - পদচ্যুতি | Modernism - আধুনিকতাবাদ |

সঠিক উত্তর : গ.

১৭. চিত্রকল্পাত্মক কবিতা

ক. সোনার তরী খ. বাংলাদেশ গ. আমার পূর্ব বাংলা ঘ. পাঞ্জেরি

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

১৮. 'দুর্নীতির কারণ অনুসন্ধান অত্যাবশ্যক।' বাক্যটিতে উপসর্গ আছে

ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. ছয়টি

ব্যাখ্যা: দুর্নীতি - দুর + নীতি = ১টি।
অনুসন্ধান : অনু + সম + ধান = ২টি।
অত্যাবশ্যক : অতি + আবশ্যক = ১টি।
সঠিক উত্তর : খ.

১৯. *খ্রিস্টাব্দ* শব্দে যে দুই ভাষার মিশ্রণ ঘটেছে-

ক. ইংরেজি + ফারসি খ. পর্তুগিজ + বাংলা
গ. পর্তুগিজ + সংস্কৃত ঘ. ইংরেজি + সংস্কৃত

ব্যাখ্যা: সংস্কৃত+ফারসি - হাসিখুশি, শাকসবজি, রাজা-বাদশা।
আরবি+ফারসি - ওয়াকিবহাল, খয়রাতি, খয়ের খা, ফৌজদারী, লেফাফা-দুরস্ত, তাজমহল।
ফারসি+আরবি - আবহাওয়া, কুচকাওয়াজ, খোশমেজাজ, দস্তখত, গরম মশলা।
ইংরেজী+বাংলা - খ্রিস্টাব্দ, পকেটমার। ইংরেজী+সংস্কৃত - হেড-পণ্ডিত।
আরবি+তৎসম - আইনজীবী।
সঠিক উত্তর : ঘ.

২০. 'বিদ্যাসাগর গদ্য ভাষার উচ্ছৃঙ্খল জনতাকে সুবিভক্ত, সুবিন্যস্ত, সুপরিচ্ছন্ন এবং সুসংযত করিয়া তাহাকে সহজ গতি ও কার্যকুশলতা দান করিয়াছেন।' বাক্যটিতে বিশেষণ পদ আছে-

ক. ছয়টি খ. সাতটি গ. আটটি ঘ. নয়টি

ব্যাখ্যা: বাক্যটির বিশেষণ পদ - গদ্য, উচ্ছৃঙ্খল, সুবিভক্ত, সুবিন্যস্ত, সুপরিচ্ছন্ন, সুসংহত, সহজ। মোট = ৭টি
বিশেষণ পদ সাধারণত বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে।
সঠিক উত্তর : খ.

২১. 'হেথায় সবারে হবে মিলিবারে'- *সবারে* কোন্ কারক?

ক. কর্ম খ. অধিকরণ গ. কর্তৃ ঘ. করণ

ব্যাখ্যা: টেকনিক ঃ বাক্যের ক্রিয়াপদকে প্রশ্ন করে আমরা খুব সহজেই কারক নির্ণয় করতে পারি। যেমন নিম্নোক্ত প্রশ্ন দ্বারা নিম্নোক্ত কারক পাওয়া যায়।
"কে বা কিসে" - কর্তৃকারক, "কি বা কাকে" - কর্মকারক,
"কি দিয়ে" - করণ কারক, "কাকে বা কার জন্য"- সম্প্রদান কারক,
"কোথা থেকে, কি থেকে, কিসের থেকে" - অপাদান কারক,
"কোথায়, কখন, কিভাবে" - অধিকরণ কারক।
উল্লেখ্য যে, স্বত্ব ত্যাগ করে দিলে হয় সম্পদান কারক, অর্থাৎ বাক্যের মধ্যে সম্প্রদান কার্যের পাত্রকে (অর্থাৎ দান গ্রহিতাকে) বুঝালে তাকে সম্প্রদান কারক বলে।
যেমন, ক্ষুধার্তকে অন্ন দাও, অন্ধজনে দেহ আলো, দেবতারে দিব প্রাণের ভক্তি।
সম্প্রদান কারকে "কে" চতুর্থী বিভক্তি আর কর্মকারকে "কে" দ্বিতীয়া বিভক্তি।
সুতরাং, এখানে ক্রিয়া 'হবে' কে 'কে' দ্বারা প্রশ্ন করলে 'সবারে' পাওয়া যায়। তাই এটি কর্তৃকারক।
সঠিক উত্তর : গ.

২২. বলাহক শব্দের সমার্থ-

ক. জলাশয় খ. নদী গ. মেঘ ঘ. আকাশ

ব্যাখ্যা: মেঘ - ঘন, বারিদ, জলদ, জীমূর্ত, অম্বুদ, নীরদ, বলাহক, তোয়ধর, পয়োমুক, পর্জন্য।
সঠিক উত্তর : গ.

২৩. বিসর্গ সন্ধির উদাহরণ নয়

ক. ইতোমধ্যে খ. নীরব গ. শ্রেয়োলাভ ঘ. বিম্বোষ্ঠ

ব্যাখ্যা: র্ ও স্ -এর সাথে স্বরধ্বনি কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।
ইতঃ + মধ্যে = ইতোমধ্যে ; নিঃ + রব = নীরব
শ্রেয়ঃ + লাভ = শ্রেয়োলাভ; বিম্ব + ওষ্ঠ = বিম্বোষ্ঠ (স্বরসন্ধি)
সঠিক উত্তর : ঘ.

২৪. 'ফুল কি ফোটে নি শাখে' ? - নি হচ্ছে

ক. ক্রিয়া বিশেষণ খ. বিশেষণ
গ. অলঙ্কার ঘ. ক্রিয়া বিশেষণের বিশেষণ

ব্যাখ্যা: "তাহারেই পড়ে মনে" কবিতায় না - ক্রিয়া বাচক বিশেষণ উল্লেখ করা হয়েছে।
নি - এখনো দেখ নি তুমি?
- ফুল ফোটে নি শাখে?
না - ভুলিতে পারি না কোন মতে
নাই - শুনি নাই, রাখি নি সন্ধান
- করো নাই অর্ঘ্য বিরচন?
সঠিক উত্তর : ক.

২৫. বেঁচে থাকার ইচ্ছা' - এক শব্দে হবে

ক. দিদৃক্ষা খ. এষণা গ. জিজীবিষা ঘ. বাঞ্ছা

ব্যাখ্যা: বাস করার ইচ্ছা - বিবৎসা। ত্রান লাভ করার ইচ্ছা - তিতীর্ষা।
জল (উদক) পানের ইচ্ছা - উদন্য। বিজয় লাভের ইচ্ছা - বিজিগীষা।
প্রবেশ করার ইচ্ছা - বিবক্ষা। বেঁচে থাকার ইচ্ছা - জিজীবিষা।
যে রূপ ইচ্ছা - যদৃচ্ছা।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## English

***Read the paragraph and answer question 1-7.***

As a child I used to consider gardening a boring chore just for 'grown-ups' even though I did love being in gardens myself playing and walking, looking, touching and sniffing. Over the years, I've learned how to turn the noun 'garden' into the verb 'to garden'. As I've moved jobs and houses, I've temporarily taken over small town patches, suburban yards and overgrown cottage gardens. I've looked through seed catalogues and borrowed tools I've had some success, made loads of mistakes and am still learning a lot. Now as I look out of my window with great pleasure into the country garden below, I see the primroses that have done well and the weeds that I should do something about!

**01. The words "boring chore" mean**
A. wasteful effort B. absorbing thought
C. tiresome job D. uninteresting work

ব্যাখ্যা: Boring - একঘেয়ে, ক্লান্তিকর
**Synonym :** Tedious, Dull, Dreary, Tiresome, Uninteresting
Synonyms বিবেচনা করলে অপশন (C) এবং (D) দুটিই সঠিক মনে হতে পারে। কিন্তু Passage টি মূলত Gardening এর উপর, তাই Gardening কখনও Uninteresting হতে পারে না অর্থাৎ এটা Tiresome Job.
**Ans : C.**

**02. The words "loads of mistakes" stand for**
A. gross errors B. number of mistakes
C. many mistakes D. grave mistakes

ব্যাখ্যা: Loads of mistakes = Lots of mistakes = Many mistakes = অনেক ভুল
**Ans : C.**

**03. The word "patches" means-**
A. pieces of land B. huts
C. covering objects D. shabby places

ব্যাখ্যা: Patch - ক্ষুদ্র ভূখণ্ড
**Synonym -** Territory, Land, Area, Ground, Spot, Tract
**Antonym -** Abundance, Pile, Heap
**Ans : A.**

**04. "the weeds that I should do something about" means**
A. the garden should be cleared of weeds
B. the weeds have to be watered
C. the weeds should be pruned
D. the weeds should be looked after

ব্যাখ্যা: Weed - আগাছা
Sentence এ বলা হয়েছে আগাছাগুলোকে কিছু করা উচিত অর্থাৎ বাগান আগাছামুক্ত করা দরকার।
**Ans : A.**

**05. "Over the years" means**
A. with the passage of time. B. after a few years.
C. when the years ended D. beyond the years.

ব্যাখ্যা: ছোট বেলায় লেখকের Gardening এর প্রতি বিতৃষ্ণা ছিল কিন্তু যখন তিনি বড় হলেন তখন Gardening এর প্রতি আগ্রহ বাড়তে থাকে। তখন Writer বলেন Over the years I have learned how to turn the noun garden into the verb to garden. তিনি এখানে Over the years বলতে বুঝিয়েছেন ঐ বছরগুলোতে যখন তার Garden এর প্রতি আগ্রহ ছিল।
With the Passage Of Time - The process of time going past - সময়ের বিবর্তনে।
**Ans : A.**

**06. The word "done" in "well done" means**
A. finished. B. grown C. properly made. D. smelt

ব্যাখ্যা: Well done দ্বারা কোন কাজের সঠিকতা বা উৎকৃষ্টতা প্রকাশ পায়। তাই Properly made অপশনটিই সঠিক।
**Ans : C.**

**07.** A. The writer's attitude towards gardening remained unchanged.
B. The writer never took any interest in gardening.
C. The writer became interested in gardening.
D. The writer decided to do gardening.

ব্যাখ্যা: ছোট বেলায় Gardening এর প্রতি বিতৃষ্ণা থাকলেও সে বাগানে playing, walking, touching এবং sniffing করত। যার ফলে ধীরে ধীরে বড় হয়ে তার Gardening এর প্রতি আগ্রহ বৃদ্ধি পায়। এখানে তাই শুধুমাত্র অপশন (C) ব্যতীত সবগুলো অপশনই Passage এর মর্মকথার সাথে সম্পূর্ণ অমিল।
**Ans : C.**

**08. By the sentence, "I saw deeper into the clear well of his eyes" the writer of Jerry means.**
A. she saw the tears in his eyes.
B. she saw the shine in his eyes.
C. she could see the defects in his eyes.
D. she could read his character well.

ব্যাখ্যা: "I saw deeper into the clear well of his eyes" বলতে Writer গভীরভাবে Jerry এর attitude, courtesy, courage অর্থাৎ character উপলব্ধি করতে পারেন।
**Ans : D.**

**09. "They ___ in never-ending ___."**
A. started, show B. shone, laughter
C. grow, row D. stretched, line

ব্যাখ্যা: লাইনটি I Wandered Lonely As a Cloud কবিতা থেকে নেয়া হয়েছে। সম্পূর্ণ লাইনটি হবে - They stretched in never-ending line.
**Ans : D.**

**10. "Who doth ambition shun" means a person who**
A. has no ambition. B. hates ambition.
C. gives up ambition. D. who is ambitions.

ব্যাখ্যা: Under The Greenwood Tree কবিতায় Willam Shakespear সব আশা ত্যাগ করে প্রকৃতির সাথে মিশে যাবার প্রসঙ্গে বলেছেন "Who doth ambition shun" অর্থাৎ কে মোহ ত্যাগ করতে পারে বা - "Who can give up ambition"
**Ans : C.**

**11. "hasting day" in " To Daffodils" means**
A. fast day B. quiet day
C. finishing day D. hurriedly passing day

ব্যাখ্যা: এখানে hasting Adjective কেননা day Noun এর Modifier হিসেবে এটা ব্যবহৃত হয়েছে। hasty এর Synonym হিসেবে fast এবং hurried দুটোই বিবেচনা করা যেতে পারে। কিন্তু hasting এখানে একটু ভিন্ন অর্থ বহন করে। hasting দ্বারা এখানে দিন যে দ্রুত গতিতে নিঃশেষ হয়ে সন্ধ্যার দিকে ধাবিত হচ্ছে সে বিষয়টিকে বুঝানো হয়েছে। তাই সঠিক উত্তর হবে hurriedly passing Day
**Ans : D.**

**12. "Apple of discord" means**
A. object of dispute B. an attractive object
C. disagreement D. a valuable object

ব্যাখ্যা:

| | |
|---|---|
| Apple of discord | বিবাদের বিষয় |
| Object of dispute | |
| Bone of contention | |
| Seed of dissension | |

**Ans : A.**

শিক্ষার সবকিছু প্লাটফর্ম
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**13. Show you ticket, ___ you will not be allowed to enter.**
A. unless B. lest
C. otherwise D. till

ব্যাখ্যা: Sentence টির অর্থ সঙ্গতি রক্ষা করার জন্য শূন্যস্থানে একটি Linker বসাতে হবে। শূণ্যস্থানে Otherwise বসালে Sentence টি অর্থপূর্ণ হয়। কেননা Otherwise এর অর্থ নতুবা/অন্যথায়। বাক্যটি হয়, তোমার টিকেট দেখাও, নতুবা তুমি প্রবেশের অনুমতি পাবে না।
Unless (যদি না) বসবে না কারণ Unless নিজেই Negative তাই এটা কোন Negative Sentence এ ব্যবহৃত হতে পারে না।
আবার lest ও negative এবং lest যুক্ত Sentence এ Subject এর পর Should/Might বসবে।
Ans : C.

**14. "He has left the country for good" means**
A. he has left the country for his won good.
B. he has left the country for foreign goods.
C. he has left the country permanently.
D. he wants to buy good things.

ব্যাখ্যা: For good = For ever = Permanently = চিরতরে
Ans : C.

**15. for the boys the task was easy, ___**
A. weren't they? B. didn't they?
C. isn't it? D. wasn't it?

ব্যাখ্যা: কোন প্রশ্নের সত্যতা যাচাই করার উদ্দেশ্যে এর শেষে যে ছোট প্রশ্ন যোগ হয়, তাই Tag Question এখানে Subject 'The Task' তাই Tag করার সময় The Task এর Pronoun It বসবে। অন্যদিকে Sentenceটি একটি Affirmative তাই Negative Tag হবে।
Ans : D.

**16. The underlined words in the line " The *lone* and *level* sands stretch for away" are**
A. nouns B. adjective
C. adverbs D. verbs

ব্যাখ্যা: Sands এখানে noun ; Sands এর আগে lone এবং level adjective হিসেবে কাজ করেছে।
Ans : B.

**17. "Chapman's Homer" in "On first looking into Chapmen's Homer" by Keats means**
A. Chapman's translation of Homer.
B. Chapman's idea of Homer.
C. Chapman's understanding of Homer.
D. Chapman's biography of Homer.

ব্যাখ্যা: Keats Chapman's Homer বলতে Chapman এর লেখা হোমারের translation কে বুঝিয়েছেন।
Ans : A.

**18. Give the proper translation of "এ বছর খুব শীত পড়েছে।"**
A. It is so cold this year.
B. Much cold has fallen this year.
C. It is a very cold year.
D. It is very cold this year.

ব্যাখ্যা: এ বছর খুব শীত পড়েছে বা এ বছর খুব শীত একই কথা। অপশন (A) তে So ব্যবহৃত হয়েছে। So শুধুমাত্র তুলনা করার ক্ষেত্রে ব্যবহৃত হয়েছে তাই এটা বাদ। শীত পড়া বুঝতে Has fallen কখনও হয় না, তাই (B) ও বাদ। অপশন (C) Translation করলে হয় এটা খুবই শীতের বছর। শুধুমাত্র অপশন (D) তে Translation টি সঠিকভাবে করা হয়েছে।
Ans : D.

**19. Do you know the solution ___ this problem?**
A. in B. for C. on D. to

ব্যাখ্যা: Appropriate Preposition এর নিয়ম অনুযায়ী Solution এর পর To বসে। Solution To - সমাধান।
Ans : D.

**20. She likes to fantasize ___ wining the Red Crescent lottery.**
A. with B. about
C. after D. on

ব্যাখ্যা: এটাও Appropriate Preposition এর ব্যবহার। Appropriate Preposition অনুযায়ী Fantasize এর পর about বসে। যার অর্থ কল্পনা করা।
Ans : B.

**21. In the poem "Ozymandias" who calls Ozymandias "king of kings"?**
A. The traveller B. The speaker
C. Other Kings D. Ozymandias himself

ব্যাখ্যা: Ozymandias কবিতায় Ozymandias নিজেই নিজেকে King Of Kings বলেছেন। কবিতার দশম লাইনে তিনি বলেছেন "My name is Ozymandias, King of Kings"
Ans : D.

**22. After ___ brief period ___ suspense, the inspector finally spoke.**
A. the, in B. a, on
C. the, at D. a, of

Ans : D.

**23. The phrase "give a hand" means**
A. to help B. to stay
C. to shake hands D. to extend one's hand

ব্যাখ্যা: Give a Hand - সাহায্য করা
Ans : A.

**24. The line " I wandered lonely as a cloud" is an example of**
A. a metaphor B. an allegory
C. simile D. a symbol

ব্যাখ্যা: এটা Simile এর উদাহরণ।
Ans : C.

**25. Choose the correct spelling.**
A. irresistible B. irresistable
C. iresistible D. iresistable

ব্যাখ্যা: Irresistible - adj - অনিবার্য, অপ্রতিরোধ্য।
Synonym : Inevitable, Unavoidable, Compelling, Overpowering
Antonym : Avoidable, Resistible
Ans : A.

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A & H Unit ♦ বিজ্ঞান - D Unit
♦ মানবিক - B, F, I Unit ♦ মানবিক - C, C1 Unit
♦ বিবিএ - E Unit ♦ আইবিএ - G Unit

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## সাধারণ জ্ঞান

০১. বাংলাদেশে বিচার বিভাগ সরকারের নির্বাহী বিভাগ থেকে আলাদা হয়ে স্বাধীন বিভাগ হিসেবে স্বীকৃতি লাভ করে-
ক. ১লা নভেম্বর ২০০৭ খ. ১লা নভেম্বর ২০০৮
গ. ২১শে নভেম্বর ২০০৭ ঘ. ১১ই ডিসেম্বর ২০০৬

ব্যাখ্যা: • বাংলাদেশ সরকারের কার্যক্রমের বিভাগ ৩ টি। আইনবিভাগ, শাসনবিভাগ ও বিচার বিভাগ
• সংবিধানের ২২ নং অনুচ্ছেদ অনুযায়ী ১ নভেম্বর, ২০০৭ বিচার বিভাগ সরকারের নির্বাহী বিভাগ থেকে আলাদা হয়ে স্বাধীন বিভাগ হিসেবে স্বীকৃতি লাভ করে
• বিচার বিভাগের প্রধান - প্রধান বিচারপতি
• বিচারপতিদের বয়সসীমা (অবসরের) - ৬৭ বছর
• বর্তমান প্রধান বিচারপতি - সুরেন্দ্র কুমার সিনহা
সঠিক উত্তর : ক.

০২. 'স্মৃতির মিনার' কবিতাটি লিখেছেন-
ক. শামসুর রাহমান খ. আবু জাফর ওবায়দুল্লাহ
গ. আলাউদ্দিন আল আজাদ ঘ. হাসান হাফিজুর রহমান

ব্যাখ্যা: কয়েক জন লেখক ও তাদের লেখা কবিতা-

| কবি | উল্লেখযোগ্য কবিতা |
|---|---|
| আবু জাফর ওবায়দুল্লাহ | আমি কিংবদন্তির কথা বলছি, কোন এক মাকে |
| আলাউদ্দিন আল আজাদ | স্মৃতিস্তম্ভ, স্মৃতির মিনার |
| রবীন্দ্রনাথ ঠাকুর | সোনারতরী, হিন্দুমেলার উপহার |
| শামসুর রাহমান | রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, বন্দি শিবির থেকে |

সঠিক উত্তর : গ.

০৩. বাংলাদেশে দুর্নীতি দমন কমিশন বিল পাস হয়-
ক. ১৭ ফেব্রুয়ারি ২০০৪ খ. ১৭ মার্চ ২০০৫
গ. ১৭ এপ্রিল ২০০৩ ঘ. ১৯ ফেব্রুয়ারি ২০০৪

ব্যাখ্যা: • দুর্নীতি দমন কমিশন (দুদক) বিল পাশ হয় - ১৭ ফেব্রুয়ারি, ২০০৪
• দুর্নীতি দমন কমিশনের বর্তমান (৫ম) চেয়ারম্যান - ইকবাল মাহমুদ
• দুদক যাত্রা শুরু করে, ২১ নভেম্বর, ২০০৪
• সদর দপ্তর সেগুন বাগিচা, ঢাকা
সঠিক উত্তর : ক.

০৪. Wisden's Test Cricketer of the year - এ স্থান পেয়েছেন
ক. মোঃ আশরাফুল খ. সাকিব আল হাসান
গ. অলোক কাপালি ঘ. মাশরাফি মুর্তাজা
সঠিক উত্তর : খ.

০৫. সাহিত্যে নোবেল পুরস্কার-২০০৯ পেয়েছেন-
ক. মার্গারেট মুয়েলার খ. হেরটা মুয়েলার
গ. হেনরিয়েটা মুয়েলার ঘ. মারিয়া মুয়েলার

ব্যাখ্যা: ২০১৫ সালে সাহিত্যে নোবেল জয়ী - সভেটলানা অ্যালেক্সিভিচ
সঠিক উত্তর : খ.

০৬. আসন্ন বিশ্ব আবহাওয়া শীর্ষ সম্মেলনের অনুষ্ঠান স্থল-
ক. লন্ডন খ. কোপেনহেগেন
গ. হেলসিংকি ঘ. টোকিও

ব্যাখ্যা: পরবর্তী সম্মেলন - মরক্কো-২০১৬
সঠিক উত্তর : নাই.

০৭. Slumdog Millionaire- চলচ্চিত্রটির সঙ্গীত পরিচালক
ক. আর.ডি.বর্মন খ. এ.আর.রহমান
গ. বিকাশ স্বরূপ ঘ. অনু মালিক

ব্যাখ্যা: অস্কারজয়ী Slumdog Millionaire চলচ্চিত্রের পরিচালক - ড্যানি বোয়েল।
•৮৮ তম অস্কার পুরস্কার ২০১৬:
•চলচ্চিত্র -Spotlight
•পরিচালক - Alejandro G. Iñárritu
•অভিনেতা - Leonardo DiCaprio
•বিদেশী চলচ্চিত্র - Son of Saul (Hungary) in Hungarian
সঠিক উত্তর : খ.

০৮. জাতিসংঘের দাপ্তরিক ভাষা নয়-
ক. আরবি খ. স্প্যানিশ গ. রাশিয়ান ঘ. জার্মান

ব্যাখ্যা: • জাতিসংঘের অফিসিয়াল ভাষা - ৬টি :
• ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি।
• জাতিসংঘের কার্যকরী ভাষা - ২ টি - ইংরেজি ও ফরাসি।
• আনুষ্ঠানিকভাবে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় - ২৪, অক্টোবর, ১৯৪৫
• সদর দপ্তর - নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র (স্থপতি - ডব্লিউ হ্যারিসন)
• জাতিসংঘ দিবস - ২৪ অক্টোবর।
• জাতিসংঘ নামকরণ করেন - ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট, ১ জানুয়ারি, ১৯৪২
• জাতিসংঘে মূল স্বাক্ষরকারী দেশ - ৫১ টি
• জাতিসংঘ সনদ স্বাক্ষর অনুষ্ঠানে না থেকেও প্রতিষ্ঠাকালীন সদস্য- পোল্যান্ড।
• জাতিসংঘের বর্তমান ও ৮ম মহাসচিব - বান কি মুন (১ জানুয়ারি, ২০০৭), দক্ষিণ কোরিয়া।
• জাতিসংঘ মহাসচিবের মেয়াদ - ৫ বছর।
• বাংলাদেশ সদস্যপদ লাভ করে - ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ (১৩৬ তম সদস্য)
• জাতিসংঘের বর্তমান সদস্য - ১৯৩ টি (সর্বশেষ-দ.সুদান, ১৪ জুলাই, ২০১১)
• আয়ের উৎস- সদস্য দেশসমূহের চাঁদা
• প্রথম মহাসচিব - ট্রিগভেলি (নরওয়ে)
• পর্যবেক্ষক দেশ - ফিলিস্তিন ও ভ্যাটিকান সিটি।
• সদস্য ছিল, কিন্তু বর্তমানে নেই -.তাইওয়ান।
• সদস্যপদ ত্যাগ করে পুনরায় যোগদান - ইন্দোনেশিয়া।
• জাতিসংঘের ইউরোপীয় সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ড।
• জাতিসংঘের পতাকা - হালকা নীল রঙের মাঝে একটি সাদা বৃত্ত এবং বৃত্তের মাঝখানে জাতিসংঘের প্রতীক।
• Veto Power (আমি ইহা মানি না ) আছে - ৫ টি দেশের।
• নিরাপত্তা পরিষদের (স্বস্তিপরিষদ) সদস্য দেশ : (স্থায়ী ১০ টি + অস্থায়ী ৫ টি)-১৫ টি
• নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য - ২ বছরের জন্য নির্বাচিত হয়।
সঠিক উত্তর : ঘ.

০৯. স্টেট ডুমা যে দেশের আইনসভা
ক. জাপান খ. তুরস্ক গ. জার্মানি ঘ. রাশিয়া

ব্যাখ্যা:

| দেশ | আইনসভা |
|---|---|
| ফ্রান্স, মিশর, কানাডা, ভুটান, দক্ষিণ আফ্রিকা, | পার্লামেন্ট |
| আফগানিস্তান, নাইজেরিয়া, কুয়েত | ন্যাশনাল অ্যাসেম্বলি |
| অস্ট্রেলিয়া | পার্লামেন্ট অব দ্য কমনওয়েলথ |
| জার্মানি | রাইখস্ট্যাগ (পার্লামেন্ট) |
| নরওয়ে | স্টরটিং |
| স্পেন | জেনারেল কোর্টস |
| ব্রাজিল, বলিভিয়া, চিলি, ডোমিনিকান প্রজাতন্ত্র, | ন্যাশনাল কংগ্রেস |
| ইসরাইল | নেসেট |
| চীন | ন্যাশনাল পিপলস কংগ্রেস |
| ডেনমার্ক | ফোকেটিং (পার্লামেন্ট) |
| পাকিস্তান | মজলিশ-ই-শূরা |
| জাপান, লিচটেনস্টেইন | ডায়েট |
| রাশিয়া, সুইজ্যারল্যান্ড, অস্ট্রিয়া | ফেডারেল অ্যাসেম্বলি |
| মার্কিন যুক্তরাষ্ট্র, কলম্বিয়া, মাইক্রোনেশিয়া, প্যারাগুয়ে | কংগ্রেস |

সঠিক উত্তর : ঘ.

১০. বাংলাদেশে দিবালোক সংরক্ষণ সময়সূচী প্রবর্তিত হয়েছে-
ক. ১৭ই জুন ২০০৯ খ. ১৯শে জুন ২০০৯
গ. ২০শে জুন ২০০৯ ঘ. ৩০শে জুন ২০০৯

ব্যাখ্যা: • বাংলাদেশে দিবালোক সংরক্ষণ সময়সূচি প্রবর্তিত হয় - ১৯ জুন, ২০০৯ এবং সময়সূচি বন্ধ করে দেওয়া হয় - ৩১ ডিসেম্বর, ২০০৯
• এটির আওতায় ঘড়ির কাটা এক ঘন্টা বাড়িয়ে দেয়া হয়।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১১. চাঁদে পানির সন্ধান পাওয়া ভারতীয় মহাকাশযান-**
ক. চন্দ্রযান-১ খ. অগ্নিযান
গ. পুষ্পকযান ঘ. চন্দ্রযান-৩

ব্যাখ্যা: • চাঁদে প্রথম মহাকাশযান পাঠায় - আমেরিকা ১৯৬৯ সালের জুলাই মাসে। যানটির নাম Appollo - 11
• ভারত প্রথমবারের মত মহাকাশযান পাঠায় ২২ অক্টোবর, ২০০৮
সঠিক উত্তর : ক.

**১২. বিশ্বের দ্রুততম দৌড়বিদ-**
ক. ডেনিস লুই খ. টাইসন গে
গ. উসাইন বোল্ট ঘ. হামজা গুর্নাভি

ব্যাখ্যা: • বিশ্বের দ্রুততম দৌড়বিদ - জ্যামাইকান তারকা - উসাইন বোল্ট।
• ডাকনাম : লাইটনিং বোল্ট।
• জন্ম : ২১ আগস্ট, ১৯৮৬, জ্যামাইকা
সঠিক উত্তর : গ.

**১৩. গণপ্রজাতন্ত্রী চীন এ বছর স্বাধীনতা বার্ষিকী পালন করছে-**
ক. ৫৩তম খ. ৫৫তম
গ. ৬০তম ঘ. ৫২তম

ব্যাখ্যা:
• মাও সে তুং গণপ্রজাতন্ত্রী চীনের স্বাধীনতা ঘোষণা করেন - ১ অক্টোবর, ১৯৪৯
• গণ চীনের প্রতিষ্ঠাতা মাও সে তুং।
• ২০১৫ সালের ১ অক্টোবর চীনের ৬৬ তম স্বাধীনতা বার্ষিকী।
• হংকং ও চীনের মধ্যে এক দেশ দুই নীতি চালু হয় ১৯৯৭ সালে এবং বলবৎ থাকবে - ২০৪৭ সাল পর্যন্ত।
• চীন প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট - সান ইয়াং সেন।
• চীনের প্রথম সম্রাট - সম্রাট লুই, প্রথম রাজা - ফুসিসি।
সঠিক উত্তর : গ.

**১৪. এটিএম বোঝায়-**
ক. অটোম্যাটিক টেলিফোন মেশিন খ. অটোম্যাটিক টেলার মেশিন
গ. এ্যাপ্রুভড ট্রারিফ ম্যানুয়াল ঘ. এ্যাপ্রুভড ট্রেনিং ম্যানুয়াল

ব্যাখ্যা: • Automated Teller Machine
• ATM পদ্ধতির জনক - জন শেফার্ড ব্যারণ।
সঠিক উত্তর : খ.

**১৫. ২০১৬ সালের অলিম্পিক গেমস্ অনুষ্ঠিত হবে-**
ক. রোমে খ. টোকিওতে
গ. বেইজিংয়ে ঘ. রিও ডি জেনিরোতে

ব্যাখ্যা: • ২০১৬ সালের ৩১ তম অলিম্পিক গেমস অনুষ্ঠিত হয় - রিও ডি জেনেরিও, ব্রাজিল।
• ২০20 সালের ৩২ তম অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে - টোকিও, জাপান।
সঠিক উত্তর : ঘ.

**১৬. এ বৎসর পূর্ণ সূর্যগ্রহণ দেখা গিয়েছে-**
ক. লালমনিরহাট খ. পঞ্চগড়
গ. দিনাজপুর ঘ. ঠাকুরগাঁও

ব্যাখ্যা: ২০০৯ সালে পঞ্চগড়ে পূর্ণ সূর্য গ্রহণ দেখা যায়।
সঠিক উত্তর : খ.

**১৭. উইনস্টন চার্চিল যে - দেশের প্রধানমন্ত্রী ছিলেন-**
ক. বৃটেন খ. ফ্রান্স
গ. ইটালি ঘ. জার্মানি

ব্যাখ্যা: • ব্রিটেনের তথা বিশ্বের প্রথম প্রধানমন্ত্রী রবার্ট-ওয়ার্লপোল
• ব্রিটেনের একমাত্র নারী প্রধানমন্ত্রী - মার্গারেট থ্যাচার (লৌহমানবী নামে পরিচিত)
• প্রথম বিশ্বযুদ্ধের সময় প্রধানমন্ত্রী ছিলেন - হার্বার্ট হেনরী এসকুইথ।
• ২য় বিশ্বযুদ্ধের সময় প্রধানমন্ত্রী ছিলেন - উইনস্টন চার্চিল।
• ১৯৫৩ সালে প্রধানমন্ত্রী হয়েও উইনস্টন চার্চিল সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।
সঠিক উত্তর : ক.

**১৮. সংবিধান অনুযায়ী প্রধান উপদেষ্টা ছাড়া তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টাদের সংখ্যা কতজন হতে পারে?**
ক. দশ জন খ. দশের অধিক নয়
গ. এগার জন ঘ. এগারর অধিক নয়

ব্যাখ্যা: • বাংলাদেশের সংবিধান অনুযায়ী প্রধান উপদেষ্টা ছাড়া তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টার সংখ্যা ১০ জন হতে পারে।
• ১৯৯৬ সালের ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে সংবিধানের ৫৮ (খ) অনুচ্ছেদ অনুযায়ী নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের বিধান করা হয়।
• ২০১১ সালে পঞ্চদশ সংশোধনী দ্বারা তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত ঘোষণা করা হয়।
সঠিক উত্তর : ক.

**১৯. ভারতে মুদ্রণ শিল্পের সূচনা হয় কোন আমলে?**
ক. সুলতানি খ. মুঘল
গ. বৌদ্ধ ঘ. ব্রিটিশ

ব্যাখ্যা: • ভারতীয় উপমহাদেশে প্রথম মুদ্রণ যন্ত্র স্থাপিত হয় গোয়ায় ১৪৪৮ সালে [এটি পর্তুগীজ ভাষার মুদ্রন যন্ত্র]
• ঢাকায় প্রথম মুদ্রন যন্ত্র স্থাপিত হয় -১৮৬০ সালে
সঠিক উত্তর: খ.

**২০. আন্তর্জাতিক ডাক সংস্থার সংক্ষিপ্ত রূপ-**
ক. WPU খ. IPO গ. UPU ঘ. IPU

ব্যাখ্যা: • UPU - Universal Postal Union
• প্রতিষ্ঠিত হয় - ৯ অক্টোবর, ১৮৭৪ (বার্ন চুক্তির মাধ্যমে)
• কার্যক্রম শুরু করে - ৫ জুলাই, ১৮৭৫
• পূর্বনাম : General Postal Union (GPU)
• সদর দপ্তর : বার্ন, সুইজারল্যান্ড।
• সদস্য সংখ্যা ১৯২ টি (সর্বশেষ :- দ.সুদান - ৪ অক্টোবর, ২০১১)
সঠিক উত্তর: গ.

**২১. 'উন্নত জীবনের জন্য বই'- কততম ঢাকা বইমেলার প্রতিপাদ্য বিষয় ছিল?**
ক. প্রথম খ. সপ্তম গ. দশম ঘ. এগারতম

ব্যাখ্যা: ২০১২ সালের দশম একুশে বইমেলার প্রতিপাদ্য ছিল: 'উন্নত জীবনের জন্য বই'
সঠিক উত্তর : গ.

**২২. প্রেসিডেন্ট বারাক হোসাইন ওবামা মুসলিম বিশ্বের প্রতি শুভেচ্ছা বক্তব্য দেন-**
ক. জেদ্দা খ. তেহরান
গ. বাগদাদ ঘ. কায়রো

ব্যাখ্যা: • যুক্তরাষ্ট্রের ৪৪ তম প্রেসিডেন্ট - বারাক ওবামা
• যুক্তরাষ্ট্রের প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট।
• ইলিয়নর রাজ্যের সিনেট ছিলেন।
• রাজনৈতিক দল - ডেমোক্রেটিক পার্টি।
• ২০০৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান।
• তিনি ৪ জুন, ২০০৯ সালে মিসরের কায়রো বিশ্ববিদ্যালয় হতে মুসলিম বিশ্বের প্রতি শুভেচ্ছা বক্তব্য দেন।
• তার লেখা বিখ্যাত বই : ড্রিমস ফ্রম মাই ফাদার, দ্যা অডাসিটি অব হোপ, চেঞ্জ উই ক্যান বিলিভ ইন, অব দি আই সিং এ লেটার টু মাই ডটার্স।
সঠিক উত্তর : ঘ.

**২৩. আলেকজান্ডারের শিক্ষক ছিলেন-**
ক. সক্রেটিস খ. প্লেটো
গ. এরিস্টটল ঘ. হেরাক্লিটাস

ব্যাখ্যা: • সক্রেটিস ছিলেন প্লেটোর শিক্ষক
• প্লেটো ছিলেন এরিস্টটলের শিক্ষক
• এরিস্টটল ছিলেন আলেকজান্ডারের শিক্ষক
• *মনে রাখার সহজ উপায়:*
Socretes > Plato > Aristotle > Alexandar (S.P.A.Ax)
সঠিক উত্তর : গ.

**২৪. মাইকেল এঞ্জেলো কোন্ ভাস্কর্যের স্রষ্টা?**
ক. মোজেস খ. হেরমেস
গ. লেডি জাস্টিস ঘ. দি থিংকার

ব্যাখ্যা: মাইকেল অ্যাঞ্জেলো ইতালির চিত্রকর/ভাস্কর।
• জন্ম : ৬ মার্চ, ১৪৭৫, কাপ্রেসের তুস্কানে। • মৃত্যু : ১৮ ফেব্রুয়ারি ১৫৬৪।
• বিখ্যাত ভাস্কর্য ও স্থাপনা : মোজেস, ডেভিড, পিয়েতা, ২য় পোপ জুলিয়াসের সমাধিসৌধ ইত্যাদি।
সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৫. প্রস্তাবিত টিপাইমুখ বাঁধটি যে দুই নদীর সংযোগস্থলে তৈরি করার সিদ্ধান্ত নেয়া হয়েছে?

ক. বরাক, তুইভাই খ. সুরমা, কুশিয়ারা
গ. খোয়াই, কুশিয়ারা ঘ. সুরমা, বরাক

ব্যাখ্যা:
- টিপাইমুখ বাঁধ বরাক ও তুইভাই, তুইরং নদীর উপর নির্মাণ করা হচ্ছে।
- এটি ভারতের মনিপুর রাজ্যে অবস্থিত
- দৈর্ঘ্য- ৩৯০ মিটার। সমুদ্র তল থেকে প্রায় ৫৯০ ফুট বা ১৮০ মিটার উচুতে।

সঠিক উত্তর: ক.

২৬. দেশ ও রাজধানীর একই নাম-

ক. তাইওয়ান খ. উগান্ডা
গ. জিবতি ঘ. কোস্টারিকা

ব্যাখ্যা: একই নামে বিশ্বের কয়েকটি দেশ ও রাজধানী-

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| কুয়েত | কুয়েত সিটি | সিঙ্গাপুর | সিঙ্গাপুর সিটি |
| পানামা | পানামা সিটি | মেক্সিকো | মেক্সিকো সিটি |
| ভ্যাটিকান | ভ্যাটিকান সিটি | লুক্সেমবার্গ | লুক্সেমবার্গ সিটি |
| সানামেরিনো | সানমেরিনো | মোনাকো | মোনাকো সিটি |
| গুয়েতেমালা | গুয়েতেমালা সিটি | এন্ডোরা | এন্ডোরাভিনা |
| জিব্রাল্টার | জিব্রাল্টার | জিবুতি | জিবুতি |

সঠিক উত্তর: গ.

২৭. ভবদহ বিল অবস্থিত-

ক. ফরিদপুর খ. জামালপুর গ. যশোর ঘ. পটুয়াখালী

ব্যাখ্যা: বাংলাদেশের কয়েকটি উল্লেখযোগ্য বিল ও তার অবস্থান-

| বিল | অবস্থান |
|---|---|
| চলন বিল (বৃহত্তম বিল ও মিঠা পানির মাছের প্রধান উৎস) | নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ |
| ডাকাতিয়া বিল (পশ্চিমাবাহিনীর নদী বলা হয়) | ডুমুরিয়া, খুলনা |
| আড়িয়াল বিল | মুন্সীগঞ্জ |
| তামাবিল | সিলেট |
| ভবদহ, জলেশ্বর, বকর, হরিণা, অরল, ইছামতি বিল | যশোর |
| তাগরাই বিল | কুড়িগ্রাম |
| লনিপুকুর | রংপুর |
| বড় মির্জাপুর বিল, নড়াইল বিল, কেশপাথর বিল | বগুড়া |

সঠিক উত্তর : গ.

২৮. জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠিত হয়-

ক. ১লা জানুয়ারি ২০০৮ খ. ১লা এপ্রিল ২০০৮
গ. ১লা সেপ্টেম্বর ২০০৮ ঘ. ১লা ডিসেম্বর ২০০৮

ব্যাখ্যা:
- জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা হয় - ১ সেপ্টেম্বর, ২০০৮
- বর্তমান চেয়ারম্যান : ড. মিজানুর রহমান
- সদস্য সংখ্যা - ৩ জন (চেয়ারম্যান ১জন + সদস্য ২ জন)

সঠিক উত্তর: গ.

২৯. বিজ্ঞান ও প্রযুক্তিতে ২০০৯ সালে স্বাধীনতা পুরস্কার পান?

ক. অধ্যাপক এ.এম.হারুনুর রশীদ খ. অধ্যাপক মুহতাশিম হোসেন
গ. অধ্যাপক অজয় কুমার রায় ঘ. অধ্যাপক হিরন্ময় সেনগুপ্ত

সঠিক উত্তর : ক.

৩০. নজরুল মঞ্চ অবস্থিত

ক. চারুকলা ইনস্টিটিউটে খ. ত্রিশালে
গ. বাংলা একাডেমীতে ঘ. কুমিল্লায়

ব্যাখ্যা: • বাংলা একাডেমি প্রাঙ্গণে কাজী নজরুল ইসলাম স্মরণে 'নজরুল মঞ্চ' এবং বেগম সুফিয়া কামাল স্মরণে "সুফিয়া কামাল মঞ্চ" তৈরি করা হয়।

সঠিক উত্তর: গ.

৩১. মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কর্তৃক প্রদত্ত পদক 'দ্য মেডেল অব ফ্রিডম' প্রদান করা হয় কোন্ ক্ষেত্রে অবদানের জন্য?

ক. বিশ্ব শান্তি খ. মানবতা গ. মুক্ত চিন্তা ঘ. সাহিত্য

ব্যাখ্যা: বিভিন্ন দেশের সম্মানজনক পদক সম্মাননা-
অর্ডার অব ফেন্ডশিপ - রাশিয়ার সর্বোচ্চ বেসামরিক পদক।
অর্ডার অব মেরিট - ব্রিটেনের রানী কর্তৃক প্রদত্ত সম্মানজনক পদক।
নাইটহুড - ব্রিটেনের রানী কর্তৃক প্রদত্ত সম্মানজনক খেতাব।
পদ্মবিভূষন - ভারতের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পদ।
পদ্মশ্রী - ভারতের সবচেয়ে সম্মাজনক বেসরকারি পুরস্কার।
প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম - মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার।
ভারতরত্ন - ভারতের জাতীয় ও সর্বোচ্চ বেসামরিক পুরস্কার।
ভিক্টোরিয়া ক্রস - বীরত্বের জন্য প্রদত্ত ব্রিটেনের সর্বোচ্চ সামরিক পুরস্কার।
শাখারভ - ইউরোপীয় পার্লামেন্ট প্রদত্ত মানবাধিকার বিষয়ক পুরস্কার।
পুলিৎজার - যুক্তরাষ্ট্র কর্তৃক প্রদত্ত সাংবাদিকতায় বিশেষ অবদানে।

সঠিক উত্তর: ক.

৩২. সোয়াইন ফ্লু'র উৎপত্তি স্থল-

ক. হাওয়াই খ. জ্যামাইকা
গ. ভার্জিনিয়া ঘ. মেক্সিকো

ব্যাখ্যা:
- সোয়াইন ফ্লু - এর উৎপত্তি স্থল বাংলাদেশ।
- প্রথম ধরা পড়ে - ১৮ জুন, ২০০৯
- সোয়াইন ফ্লু ভাইরাসের নাম - $H_1N_1$

সঠিক উত্তর : ঘ.

৩৩. যে-নদীর পূর্ব নাম দোলাই-

ক. যমুনা খ. পদ্মা গ. বুড়িগঙ্গা ঘ. সুরমা

ব্যাখ্যা: বাংলাদেশের কয়েকটি নদীর বর্তমান ও পূর্বনাম/অপর নাম-

| বর্তমান নাম | পূর্বনাম | বর্তমান নাম | পূর্বনাম |
|---|---|---|---|
| যমুনা নদী | জোনাই | বুড়িগঙ্গা নদী | দোলাই |
| মেঘনা | বরাক | ব্রহ্মপুত্র নদ | লৌহিত্য নদী<br>সানপু (তিব্বতীয়)<br>ডিহি/ডিহং (আসাম) |
| পদ্মা নদী | নলিনী / কীর্তিনাশা<br>গঙ্গা (ভারতীয়) | | |

সঠিক উত্তর : গ.

৩৪. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংক নয়?

ক. সোনালী ব্যাংক খ. বাংলাদেশ ব্যাংক
গ. আরব-বাংলাদেশ ব্যাংক ঘ. জনতা ব্যাংক

ব্যাখ্যা: বাংলাদেশ ব্যাংক - বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক

সঠিক উত্তর: খ.

৩৫. যে সংস্থা গ্রাম বাংলায় বিদ্যুতায়নের দায়িত্বে নিয়োজিত-

ক. ডেসা খ. আরইবি
গ. পিডিবি ঘ. ওয়াপদা

ব্যাখ্যা: বাংলাদেশের গ্রামাঞ্চলে বিদ্যুতায়নের কাজ করে - বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB-Bangladesh Rural Electrification Boarsd)

সঠিক উত্তর : খ.

৩৬. তড়িৎ শক্তি যে যন্ত্রের সাহায্যে শব্দশক্তিতে রূপান্তরিত হয়-

ক. এমপ্লিফায়ার খ. জেনারেটর
গ. লাউড স্পিকার ঘ. মাইক্রোফোন

ব্যাখ্যা:
- এমপ্লিফায়ার- শব্দকে তড়িৎ শক্তিতে রূপান্তর করে।
- জেনারেটর - যান্ত্রিক শক্তিকে তড়িৎ শক্তিতে রূপান্তর করে।
- মাইক্রোফোন - শব্দকে তড়িৎ শক্তিতে রূপান্তর করে।
- লাউড স্পিকার - তড়িৎশক্তিকে শব্দে রূপান্তর করে।

সঠিক উত্তর: গ.

৩৭. বাংলাদেশের জাতীয় সঙ্গীতের ইংরেজি অনুবাদক-

ক. সিরাজুল ইসলাম খ. সৈয়দ আলী আহসান
গ. আনিসুজ্জামান ঘ. কবীর চৌধুরী

ব্যাখ্যা:
- জাতীয় সংগীতের রচয়িতা ও সুরকার - রবীন্দ্রনাথ ঠাকুর।
- প্রথম ইংরেজি অনুবাদক - সৈয়দ আলী আহসান।
- জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা' কবিতা থেকে নেওয়া হয়েছে। মোট লাইন ২৫ টি, জাতীয় সংগীত হিসেবে গৃহীত - ১ম ১০ লাইন।
- জাতীয় সংগীত ঘোষণা করা হয় ৩ মার্চ, ১৯৭১ (গৃহীত হয় - ১৩ জানুয়ারি, ১৯৭২)

সঠিক উত্তর: খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩৮. অং সান সুচী'র রাজনৈতিক দল
ক. ন্যাশনাল ডেমোক্রেটিক লীগ খ. লীগ অব ন্যাশনাল ডেমোক্রেটস্
গ. ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি ঘ. ন্যাশনাল লীগ অব ডেমোক্রেটস্

ব্যাখ্যা: অং সান সুচি-
- বিশ্বের গণতন্ত্রীপন্থী নেত্রী হিসেবে পরিচিত।
- রাজনৈতিক দল - National League for Democracy
- সুচিকে ২০১০ সালের ১৩ নভেম্বর গৃহবন্দী থেকে মুক্তি দেয়া হয়।

সঠিক উত্তর: গ.

৩৯. বর্তমান বিশ্ব অর্থনৈতিক মন্দার কারণ-
ক. অতি উৎপাদন খ. ঋণদান সংস্থাগুলোর উপর অতিরিক্ত চাপ
গ. স্থানিক যুদ্ধের সংখ্যাধিক্য ঘ. মুদ্রাস্ফীতি কৌশলের অতিরিক্ত ব্যবহার

ব্যাখ্যা: • বর্তমানে তৃতীয় বিশ্বের অর্থনৈতিক মন্দার অন্যতম প্রধান কারণ হল : ঋণদাতা সংস্থাগুলোর উপর অতিরিক্ত চাপ প্রয়োগ।
সঠিক উত্তর : খ.

৪০. প্রাচীনতম সাহিত্যকর্ম-
ক. শকুন্তলা খ. হংসদূত গ. রামায়ণ ঘ. মহাভারত

ব্যাখ্যা: • মহাভারতের রচয়িতা - কৃষ্ণ দ্বৈপায়ন, ব্যাসদেব।
বাংলায় প্রথম অনুবাদ করেন - কাশীরাম দাস।
- রামায়ণের রচয়িতা - বাল্মীকি মুনি।
বাংলায় প্রথম অনুবাদ করেন - কৃত্তিবাস ওঝা

সঠিক উত্তর: ঘ.

৪১. প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতির সভাপতি
ক. মনিরুজ্জামান মিয়া খ. সিরাজুল ইসলাম চৌধুরী
গ. কবীর চৌধুরী ঘ. নুরুল ইসলাম নাহিদ

ব্যাখ্যা: • জাতীয় শিক্ষানীতি ২০১০ মন্ত্রিসভায় অনুমোদন - ৩১ মে, ২০১০ সালে
- কমিটি প্রধান ছিলেন - অধ্যাপক কবির চৌধুরী।
- জাতীয় শিক্ষানীতি- ২০১০ অনুযায়ী প্রাথমিক শিক্ষাস্তর - প্রথম থেকে ৮ম শ্রেণী মাধ্যমিক স্তর - নবম - দ্বাদশ শ্রেণী।

সঠিক উত্তর : গ.

৪২. যে সেক্টরে বাংলাদেশের সর্বাধিক জনশক্তি নিয়োজিত
ক. পোষাক শিল্প খ. মৎস
গ. কৃষি ঘ. পরিবহন

সঠিক উত্তর : গ.

৪৩. আন্তর্জাতিক শিক্ষক দিবস পালিত হয়-
ক. ৫ই সেপ্টেম্বর খ. ১৫ই সেপ্টেম্বর
গ. ৫ই অক্টোবর ঘ. ১৫ই অক্টোবর

ব্যাখ্যা: আন্তর্জাতিক দিবস সম্পর্কে
বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (১২) নং দেখ।
সঠিক উত্তর: গ.

৪৪. বাংলাদেশ সেনাবাহিনীর সর্বোচ্চ পদ-
ক. জেনারেল খ. লেফটেন্যান্ট জেনারেল
গ. ফিল্ড মার্শাল ঘ. ভাইস-এডমিরাল

ব্যাখ্যা: • বাংলাদেশ সেনাবাহিনী প্রতিষ্ঠিত হয় - ১২ জুলাই, ১৯৭১
- স্লোগান : সমরে আমরা, শান্তিতে আমরা সর্বত্রে আমরা দেশের তরে।
- সদর দপ্তর ঃ ঢাকা সেনানিবাস
- সর্বোচ্চ পদ - জেনারেল
- মোট পদ সংখ্যা - ১০ টি
- পদসমূহ - সেকেন্ড লেফটেনেন্ট, লেফটেন্যান্ট, ক্যাপ্টেন, মেজর, লেফটেনেন্ট কর্ণেল, কর্ণেল, ব্রিগেডিয়ার জেনারেল, মেজর জেনারেল, লেফটেন্যান্ট জেনারেল, জেনারেল।

সঠিক উত্তর : ক.

৪৫. যুক্তফ্রন্টে (১৯৫৪) রাজনৈতিক দলের সংখ্যা-
ক. চার খ. পাঁচ গ. তিন ঘ. ছয়

ব্যাখ্যা: • যুক্তফ্রন্ট গঠিত হয় - ৪ ডিসেম্বর, ১৯৫৩
- ৪ টি রাজনৈতিক দল নিয়ে গঠিত : কৃষকশ্রমিক পার্টি, আওয়ামী লীগ, নেজামী ইসলামী ও বামপন্থী গণতন্ত্রী পার্টি
- নির্বাচনী প্রচারনা ২১ দফার ভিত্তিতে পরিচালিত হত।
- যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী হন - এ.কে.ফজলুল হক।

সঠিক উত্তর : ক.

৪৬. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী-
ক. লীলা নাগ খ. ইলা মিত্র
গ. সুলতা ঘোষ ঘ. ফজিলাতুন্নেসা

ব্যাখ্যা: • ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী - লীলা নাগ (ইংরেজি বিভাগ)
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলিম ছাত্রী - ফজিলাতুন্নেছা (১৯২৪ সালে গণিত বিভাগ)।
- প্রথম চ্যান্সেলর - লওরেন্স জন লাম লে ডানডাস।
- প্রথম উপাচার্য : ডফলিপ জোসেফ হার্টজ (পিজে হার্টজ)।
- প্রথম বাঙালি, মুসলিম, উপমহাদেশের প্রথম উপাচার্য- স্যার এ এফ রহমান।
- নারী উপাচার্য - জিন্নাতুন নেসা তাহমিদা বেগম।
- প্রথম সমাবর্তন - ২২ ফেব্রুয়ারি, ১৯২৩।
- স্বাধীনতার পর প্রথম সমাবর্তন - ১৮ ডিসেম্বর, ১৯৯৯।
- প্রথম ডাকসু নির্বাচন - ১৯২৪ সালে।

সঠিক উত্তর : ক.

৪৭. অর্থনীতিতে বাজার বলতে বোঝায়-
ক. জিনিসপত্র কেনাবেচার স্থান
খ. দ্রব্য বিক্রয়ের বিশেষ এলাকা
গ. জিনিসপত্র কেনাবেচার দরকষাকষি
ঘ. দ্রব্য, দাম এবং ক্রেতা-বিক্রেতা

ব্যাখ্যা: অর্থনীতিতে বাজারের মূল উপাদান-
১। পণ্য দ্রব্য।
২। ক্রেতা-বিক্রেতা।
৩। এক বা একাধিক অঞ্চল।
৪। ক্রেতা-বিক্রেতার মধ্যে দর-কষাকষির মাধ্যমে মূল্য নির্ধারণ।
সঠিক উত্তর: ঘ.

৪৮. বাউল সঙ্গীতসাধক শাহ্ আবদুল করিমের মৃত্যুর তারিখ-
ক. ১২ই সেপ্টেম্বর ২০০৯ খ. ১৩ই সেপ্টেম্বর ২০০৯
গ. ১৪ই সেপ্টেম্বর ২০০৯ ঘ. ১৫ই সেপ্টেম্বর ২০০৯

ব্যাখ্যা: শাহ্ আব্দুল করিম এর-
- জন্ম : ১৯১৬, সুনামগঞ্জ।
- মৃত্যু : ১২ সেপ্টেম্বর, ২০০৯।
- তার বিখ্যাত গানগুলো - আগে কি সুন্দর দিন কাঁটাইতাম, গাড়ি চলে না চলে না রে, আমি কুল হারা কলঙ্কিনী, কেমনে ভুলিব আমি বাঁচিনা তারে ছাড়া ইত্যাদি।

সঠিক উত্তর : ক.

৪৯. মতামত প্রকাশের স্বাধীনতা কোন ধরণের অধিকার?
ক. রাজনৈতিক খ. জন্মগত
গ. সামাজিক ঘ. প্রাকৃতিক

ব্যাখ্যা: মানুষের মৌলিক/অর্থনৈতিক অধিকার - অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা।
রাজনৈতিক অধিকার : ভোটাধিকার, নির্বাচিত হওয়া, প্রতিবাদ, মতামত প্রকাশ, স্বাধীনতা ও সরকারের সমালোচনা করার অধিকার ইত্যাদি
সঠিক উত্তর : ক.

৫০. প্রত্নতত্ব যে জ্ঞানশাখার সঙ্গে সম্পর্কযুক্ত-
ক. ইতিহাস খ. স্থাপত্যবিদ্যা
গ. প্রকৌশল বিদ্যা ঘ. নৃবিজ্ঞান

ব্যাখ্যা: জ্ঞানের শাখা ও আলোচ্য বিষয়-

| জ্ঞানের শাখা | আলোচ্য বিষয় |
|---|---|
| সমাজ বিজ্ঞান | পরিবার, ধর্ম, জনসংখ্যা, সংস্কৃতি |
| নৃবিজ্ঞান | জাতি ও উপজাতি, আদিবাসি, পুরাকীর্তি গবেষণা ও বিশ্লেষণ |
| স্থাপত্য বিদ্যা | ভবন, নকশা, ভবন ও স্থাপত্য কলা কৌশল। |
| ইতিহাস | সভ্যতা, রাষ্ট্র কিংবা জাতিতত্ত্বের বুৎপত্তি ও বিকাশ |
| মনো বিজ্ঞান | ইগো (Ego), অবসেশন (Obsession) |

সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার